গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-৪
www.tmed.gov.bd

নম্বর: ৫৭.০০.০০০০.০৫৪.২৭.০০৪.২৪- ২৪৭

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম, ইনস্ট্রাক্টর (রসায়ন) (নন-ক্যাডার, গ্রেড-৯, বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০), সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট ২৪.১০.২০২১ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) অনুযায়ী পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়, কিন্তু কোন জবাব না পাওয়ায়; এবং

২। যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তির লক্ষ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(৩) অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, এতদুদ্দেশ্যে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক ২৪.০৮.২০২৪ তারিখ তদন্ত চলাকালীন পর্যন্ত তাঁর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়; এবং

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) অনুযায়ী "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে উক্ত বিধিমালার ৪(৩)(গ) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে **'চাকরি হতে অপসারণ'** গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়, কিন্তু কোন জবাব না পাওয়ায়; এবং

৫। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) অনুযায়ী "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(গ) অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক **'চাকরি হতে অপসারণ'** গুরুদন্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ শরিফুল ইসলাম-কে **'চাকরি হতে অপসারণ'** গুরুদন্ড প্রদানের দিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন;

৬। সেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম, ইনস্ট্রাক্টর (রসায়ন) (নন-ক্যাডার, গ্রেড-৯, বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০), সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) অনুযায়ী "পলায়ন" এর দায়ে দোষী সাব্যস্ত করে তাঁকে একই বিধিমালার ৪(৩)(গ) অনুযায়ী 'চাকরি হতে অপসারণ' করা হলো।

৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০/০৮/২৬

মোঃ দাউদ মিয়া এনডিসি
সচিব

নম্বর: ৫৭.০০.০০০০.০৫৪.২৭.০০৪.২৪-২৫৯ (১/১২) তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবায়ল, আগারগাঁও, ঢাকা

০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

০৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা

০৪ মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৬. অধ্যক্ষ, সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট

০৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা

০৮. ডিস্ট্রিক্টস একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিলেট

০৯. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১০. সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১১. জনাব মোঃ শরিফুল ইসলাম, ইনস্ট্রাক্টর (রসায়ন) (নন-ক্যাডার, বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০), সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট

১২. অতিরিক্ত সচিব (কারিগরি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

20/8/2026

সাজ্জাদ হোসেন
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০০৪২৫
ই-মেইল: dstech4@tmed.gov.bd